

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৮১২

১৮/ শাসন

পরিচ্ছেদঃ প্রজাদের সাথে শাসকদের কোমল ব্যবহার করা, তাদের মঙ্গল কামনা করা, তাদের প্রতি স্নেহপরবশ হওয়ার আদেশ এবং প্রজাদেরকে ধোঁকা দেওয়া, তাদের প্রতি কঠোর হওয়া, তাদের স্বার্থ উপেক্ষা করা, তাদের ও তাদের প্রয়োজন সম্বন্ধে উদাসীন হওয়া নিষিদ্ধ।

আরবী

وَعَن أَبِي يَعلَى مَعْقِل بنِ يَسارٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ عَلَيْ يَقُولُمَا مِنْ عَبْدٍ يَستَرْعِيهِ اللهُ رَعِيَّةً يَمُوتُ يَوْمَ يَمُوتُ وَهُوَ غَاشٌ لِرَعِيَّتِهِ إِلاَّ حَرَّمَ اللهُ عَلَيْهِ الجَنَّة متفقٌ عليه وَفِيْ رِوَايَةٍ فَلَمْ يَحُطْهَا بِنُصْحِهِ لَمْ يَجِدْ رَائِحَةَ الجَنَّة وَفِيْ رِوَايَةٍ لِمُسلِمٍ مَا مِنْ أميرٍ يَلِي أُمُورَ المُسْلِمِينَ ثُمَّ لاَ يَجْهَدُ لَهُمْ وَيَنْصَحُ لَهُمْ إِلاَّ لَمْ يَدُخُلْ مَعَهُمُ الْجَنَّة

বাংলা

(১৮১২) আবূ য়্যা'লা মা'কিল ইবনে য়্যাসার (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, "কোন বান্দাকে আল্লাহ কোন প্রজার উপর শাসক বানালে, যেদিন সে মরবে সেদিন যদি সে প্রজার প্রতি ধোঁকাবাজি ক'রে মরে, তাহলে আল্লাহ তার প্রতি জান্নাত হারাম ক'রে দেবেন।" (বুখারী ৭১৫১, মুসলিম ৩৮০, ৪৮৩৪)

অন্য এক বর্ণনায় আছে, ''অতঃপর সে (শাসক) তার হিতাকাজ্জীতার সাথে তাদের অধিকারসমূহ রক্ষা করল না, সে জান্নাতের সুগন্ধটুকুও পাবে না।'' (বুখারী ৭১৫০)

মুসলিমের অন্য এক বর্ণনায় আছে, "যে কোন আমীর মুসলিমদের দেখাশুনার দায়িত্ব নিল, অতঃপর সে তাদের (সমস্যা দূর করার) চেষ্টা করল না এবং তাদের হিতাকাজ্জী হল না, সে তাদের সঙ্গে জান্নাতে প্রবেশ করবে না।" (মুসলিম ৩৮৩, ৪৮৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মা'ঞ্চিল ইবনু ইয়াসার (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন